# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## Bangladesh Water Development Board

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
রাজবাড়ী পানি উন্নয়ন বিভাগ
বাপাউবো, রাজবাড়ী-৭৭০০।
টেলি ঃ ০২৪৭৮৮০৭৬৯২ (অফিস)

Office of the
Executive Engineer
Rajbari Water Development Division
BWDB, Rajbari-7700.
Tel: 02478807692 (Off.)
Email: xen.bwdb.rajbari2@gmail.com

www.bwdb.gov.bd

স্মারক নং- ৪২.০১.৮২০০.০০০.৪৭০.৫৭.০০০১.২৬.৭৪৬ তারিখ ঃ ১৫-০৭-২০২৬ খ্রিঃ।

**"সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় কার্য ক্রয় ও পণ্য সরবরাহ নেওয়ার লক্ষ্যে ঠিকাদার তালিকাভূক্তি/নবায়নের বিজ্ঞপ্তি"**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজবাড়ী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজবাড়ী দপ্তরের অধীন 'পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০২৫' এর আলোকে সীমিত দরপত্র পদ্ধতির (LTM) আওতায় অনধিক ০৫ (পাঁচ) কোটি টাকা পর্যন্ত অভ্যন্তরীণ কার্যক্রয় ও ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত পণ্য সরবাহের লক্ষ্যে ২০২৬-২০২৭ অর্থ বৎসরের জন্য ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি/নবায়ন করা হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর), কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা এর স্মারক নং- ৪২.০১.০০০০.০০৫.২২.০০৩.১৫-১৩৪; তারিখঃ ২০-০৭-২০২০ খ্রিঃ এর নির্দেশনা অনুযায়ী প্রতি সেট নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) আকারে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে ইস্যু করতঃ অত্র দপ্তরের প্রশাসনিক শাখা হতে সংগ্রহ করা যাবে এবং আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিক ভাবে পূরণ করতঃ প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ৩১-০৮-২০২৬ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের প্রশাসনিক শাখায় জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। **নির্ধারিত তারিখ ও সময়ের পর তালিকাভূক্তি ফরম বিক্রয়, গ্রহণ ও নবায়নের আবেদন গ্রহণ করা হবে না।**

**(১) ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তির আবেদনের তফসিল ঃ**

| ক্রমিক নং | তালিকাভুক্তির ধরণ | আবেদনপত্র বিক্রয়, গ্রহণ ও দাখিলের সময়সীমা |
|---|---|---|
| ০১ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (কার্য) | ২০-০৭-২০২৬ খ্রিঃ সকাল ৯:০০ ঘটিকা হতে ৩১-০৮-২০২৬ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত। (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত)। |
| ০২ | ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি (পণ্য সরবরাহ) | |

**(২) তালিকাভূক্তির প্রয়োজনীয় নির্দেশনাবলী ঃ**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স। ০২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট। ০৩) কার্যক্রয়ের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৩.০০ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণী। ০৪) জাতীয় পরিচয়পত্র। ০৫) পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি। ০৬) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা। ০৭) প্রতিষ্ঠানের জনবলের তালিকা। ০৮) ঠিকাদার/প্রতিষ্ঠানের মালিকের ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্পে অঙ্গীকারনামা। ০৯) ঠিকাদার/প্রতিষ্ঠানের এ্যাফিডেভিট এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)। |
| আবেদন ফি | ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে। |
| তালিকাভূক্তিকরণ ফি | নিবন্ধন ফি বাবদ ৫০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে এবং ভ্যাট বাবদ ৭৫০.০০ (সাতশত পঞ্চাশ) টাকা ট্রেজারী চালান, কোড নং-১১১০২০৪১০২০২০ তে জমা প্রদান পূর্বক জমাকৃত চালান এর মূল কপি অত্র দপ্তরে দাখিল করতে হবে।<br>তবে একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী (Women Owned Enterprise) হলে হলে তালিকাভূক্তি ফি ৩০০০.০০ (তিন হাজার) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ৪৫০.০০ (চার শত পঞ্চাশ) টাকা উক্ত চালান কোডে জমা প্রদান করতে হবে। |

**(৩) ঠিকাদার/সরবরাহকারী তালিকাভূক্তি নবায়নের তফসিল ঃ**

| | |
|---|---|
| আবেদনের যোগ্যতা | ০১) বৈধ হালনাগাদ ট্রেড লাইসেন্স ০২) ভ্যাট ও ট্যাক্স ক্লিয়ারেন্স সার্টিফিকেট ০৩) কার্যক্রয়ের ক্ষেত্রে ২৫.০০ লক্ষ টাকা এবং পণ্য সরবরাহের ক্ষেত্রে ৩.০০ লক্ষ টাকার স্থিতি সম্বলিত হালনাগাদ ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট/বিবরণী ০৪) প্রতিষ্ঠানের যন্ত্রপাতির তালিকা ০৫) প্রতিষ্ঠানের জনবলের তালিকা |
| আবেদন ফি | ৫০০/- (পাঁচশত) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে। |
| তালিকাভূক্তি নবায়ন ফি | নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরত যোগ্য) আকারে উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‍্যাক), বাপাউবো, ফরিদপুর এর অনুকূলে এবং ভ্যাট বাবদ ৩০০.০০ (তিনশত) টাকা ট্রেজারী চালান, কোড নং-১১১০২০৪১০২০২০ তে জমা প্রদান পূর্বক জমাকৃত চালান এর মূল কপি অত্র দপ্তরে দাখিল করতে হবে। একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী নারী (Women Owned Enterprise) হলে নবায়ন ফি ১৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ১৫% ভ্যাট বাবদ ২২৫.০০ (দুই শত পঁচিশ পঞ্চাশ) টাকা। |

(ক) উল্লেখ্য যে, ক্রয়কারী কর্তৃপক্ষ (Procuring Entity) আবেদনকারীদের আবেদনপত্র যাচাই বাছাই সাপেক্ষে কোন কারণ দর্শানো নোটিশ ব্যতিরেকে আবেদন গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(খ) সীমিত দরপত্র পদ্ধতি (LTM) দরপত্রে অংশগ্রহণের জন্য e-GP Registeration থাকা আবশ্যক।

15/07/26

(মোঃ তাজমিনুর রহমান)
নির্বাহী প্রকৌশলী
আইডি নং- ৯২০৩০৪০০২
বাপাউবো, রাজবাড়ী।

CamScanner

স্মারক নং-৪২.০১.৮২০০.০০০.৪৭০.৫৭.০০০১.২৬.৭৪৬ তারিখ ঃ ১৫-০৭-২০২৬ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। অতিরিক্ত মহাপরিচালক, পশ্চিম রিজিয়ন, বাপাউবো, ঢাকা।

০২। প্রধান প্রকৌশলী, পশ্চিমাঞ্চল, বাপাউবো, ফরিদপুর।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, ফরিদপুর।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।

০৫। জেলা প্রশাসক, রাজবাড়ী।

০৬। পুলিশ সুপার, রাজবাড়ী।

০৭। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি জাতীয় (১টি বাংলা ও ১টি ইংরেজী) এবং ১টি স্থানীয় সংবাদপত্রে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।

০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের সবিনয় অনুরোধসহ।

০৯। পরিচালক (বোর্ড), বোর্ড সচিবালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।

১০। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

১১-১৩। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ বিভাগ/গণপূর্ত বিভাগ, রাজবাড়ী।

১৪। উপ-পরিচালক, আঞ্চলিক হিসাব কেন্দ্র (র‌্যাক), বাপাউবো, ফরিদপুর।

১৫-১৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, রাজবাড়ী/পাংশা/বালিয়াকান্দি পানি উন্নয়ন উপ-বিভাগ, বাপাউবো, রাজবাড়ী।

১৮। উচ্চমান সহকারী/উর্দ্ধতন হিসাব সহকারী/প্রাক্কলনিক, রাজবাড়ী পানি উন্নয়ন বিভাগ, বাপাউবো, রাজবাড়ী।

১৯। অফিস কপি/নথির কপি।

15/07/26

নির্বাহী প্রকৌশলী
আইডি নং- ৯২০৩০৪০০২
বাপাউবো, রাজবাড়ী।

CamScanner